# বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ অস্ট্রেলিয়া

**BANGLADESH MUKTIJUDDAH SANGSAD AUSTRALIA**
An affiliated unit of Bangladesh Muktijuddah Sangsad Central Command Council
Registration No. INC 9894205

১১ই মার্চ ২০১৩

# রাজাকারদের ফাসী ও জামাত-শিবীর নিষিদ্ধকরন

## দাবীতে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ অস্ট্রেলিয়া কমান্ডের সমাবেশ

## আগামী রোববার, ২৪শে মার্চ ২০১৩ সকাল ১১:৩০ ঘটিকা

২০১৩ সাল ১৯৭১ হয়ে গিয়েছে!! যারা ১৯৭১ দেখেনি সুযোগ পেয়েছে ২০১৩ সালকে আবার ১৯৭১ হিসেবে দেখার। একাত্তরের চেতনায় জাগ্রত বিবেক। তারুণ্যের রক্তে যেন জ্বলেছে আগুন। লাখো মানুষের মহাসমাবেশ প্রকম্পিত করছে জামায়াত-শিবিরের রাজনীতি নিষিদ্ধের দাবিতে। চাই সব যুদ্ধাপরাধীর ফাঁসি। ১৯৭১'র মুক্তিযুদ্ধে আমাদের এই বাংলাদেশের জন্ম হয়েছিল কিন্তু তার লালনটা ঠিকঠাক হয়নি। তার ভূগোলটা রূপ পেয়েছিল, চরিত্রটা পায়নি। মানচিত্রটা চূড়ান্ত হয়েছিল, মানসিকতাটা নয়। সুযোগে পরাজিত অপশক্তির বীজ দিনে দিনে বিষবৃক্ষ হয়ে আমাদের প্রায় গিলে ফেলে। বিয়াল্লিশ বছর পর শেষে সেই সর্বনাশের ভিত্তিমূলে আবেগ আর ভালোবাসার শক্তিতে কুঠারাঘাত করেছে নতুন প্রজন্ম। আরম্ভ হয়ে গেছে দ্বিতীয় মুক্তিযুদ্ধ। আমাদের বাংলাদেশ এখন মুক্তিযোদ্ধাদের বাংলাদেশ। বাঙালির বাংলাদেশ। পরাজিত অপশক্তিরা আবারো একই কায়দায় ধর্মের দোহাই দিয়ে মাঠে নেমেছে, গনতান্ত্রিক অসাম্প্রদায়িক বাংলাদেশের মানচিত্র বদলে ফেলে যুদ্ধাপরাধীদের বিচার ঠেকাতে তান্ডব করছে সমগ্র বাংলাদেশে, ১৯৭১ এর মতই মিথ্যে অপপ্রচারে নেমেছে সমগ্র বিশ্বে। এখনই প্রতিবাদের সময়, বিশ্ব বিবেককে সত্য জানাতে হবে আমাদেরকেই।

সমাবেশে যোগ দিন এবং বজ্র কণ্ঠে আওয়াজ তুলুন ১৯৭১ যুদ্ধাপরাধীদের ফাসী চাই, জামাত-শিবির নিষিদ্ধ হউক।
ঘৃনা আর ধিক্কার জানান সেই সকল গণধিকৃত নরপিশাচদের। তুই রাজাকার, তুই রাজাকার বলে।

**সমাবেশের বিস্তারিত নিম্নে দেয়া হলোঃ**

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | রোববার, ২৪শে মার্চ ২০১৩ |
| সমাবেশ সময় | ঃ | সকাল ১১:৩০ ঘটিকা |
| স্থান | ঃ | স্পাইস অফ লাইফ রেস্টুরেন্ট<br>116 Wigram Street, Harris Park,<br>NSW 2150 Phone: 02 9762 1033 |

**বি.দ্র. মুক্তিযোদ্ধা সংসদের পক্ষ থেকে সমাবেশ শেষে দুপুরের খাবারের আয়োজন থাকবে**

**(ওয়ালিউর রহমান টুনু)**
সদস্য-সচিব
**মোবাইলঃ ০৪০১ ২৯৬ ৫৫৫**

**(আবুল এইচ.এম. হেলালউদ্দিন)**
আহ্বায়ক
**মোবাইলঃ ০৪১২ ০৬৫ ৮২১**

**P.O. Box No. 471, Marrickville, NSW 1475; E5/20-28 Carrington Road. Marrickville, Sydney, NSW 2240**
Telephone: (02) 9559 8588 Mob: (61) 0412 065 821, 0401 296 555
Email: muktijuddahsangsadaustralia@hotmail.com